



🏠 মূল পাতা 📧 যোগাযোগ 📞 লগ-ইন করুন 👤 নিবন্ধিত হোন

ঢাকা, রোববার, ৪ নভেম্বর ২০০৭, ২০ কার্তিক ১৪১৪, ২২ শাওয়াল ১৪২৮
বর্ষ ১০, সংখ্যা ১, আপডেট : বাংলাদেশ রাত ৩টা ২৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

🗨️ ফিচার পাতা

- ▶ আলোকিত চট্টগ্রাম

সারা দেশ

+ সংবাদ শিরোনাম

পরের সংবাদ ▶

অপরাধবিষয়ক তথ্য বিশ্লেষণে পুলিশের নতুন শাখা

নিজস্ব প্রতিবেদক

অপরাধবিষয়ক তথ্য বিশ্লেষণে একটি নতুন শাখা খুলছে পুলিশ। ক্রিমিনাল ইন্টেলিজেন্স ইউনিট বা সিআইইউ নামের এ শাখাটির কার্যক্রম তদারকি করবে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

পুলিশ প্রশাসনের কর্মকর্তারা জানান, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি), ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ডিএফআইডি) এবং ইউরোপিয়ান কমিশনের অর্থায়নে পরিচালিত পুলিশ সংস্কার কর্মসূচির (পিআরপি) আওতায় এ শাখাটি খোলা হচ্ছে।

সম্প্রতি বাংলাদেশ পুলিশের তিনজন কর্মকর্তা ইংল্যান্ডের ক্যামব্রিজ থেকে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের জন্য 'আই টু এনালিটিক্যাল সফটওয়্যার' নামে একটি বিশেষ ধরনের সফটওয়্যারের ওপর বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন। এ তিন কর্মকর্তা হলেন পুলিশ সদর দপ্তরে কর্মরত এএসপি সুনন্দা রায় এবং ঢাকায় সিআইডিতে কর্মরত এএসপি ফাতিহা ইয়াসমিন ও মো. আলিমুজ্জামান।

কর্মকর্তারা জানান, এ শাখা অপরাধ তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং তা যথাসময়ে যথাস্থানে পৌঁছানোর উন্নততর সক্ষমতার মাধ্যমে বাংলাদেশ পুলিশকে সংঘবদ্ধ অপরাধী চক্র, বিশেষত, মানুষ পাচার ও মাদক পাচারের বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ নিতে সহায়তা করবে।

প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা সুনন্দা রায় জানান, তাঁরা যে বিশ্লেষণী পদ্ধতি শিখেছেন তা জটিল অপরাধ বিশ্লেষণকে এবং গোয়েন্দা তথ্য বিশ্লেষণকে সহজ করে দেবে। তিনি আরও জানান, আধুনিক তদন্তগুলোতে ব্যাপক তথ্যের সমাহার ঘটে বা ভিন্ন ভিন্ন উৎস থেকে সংগ্রহ করা হয়। দেখা যায়, একই ধরনের ভিন্ন তথ্যেরই কোনো জায়গায় হয়তো অপরাধের সূত্র লুকিয়ে থাকে, যা খুঁজে পাওয়া বেশ কঠিন হয়ে যায়।

তাঁদের প্রশিক্ষণ তদন্তে কী ধরনের সাহায্য করবে জানতে চাওয়া হলে মো. আলিমুজ্জামান জানান, সন্ত্রাস দমন, মাদক পাচার, অর্থ পাচার, বিভিন্ন জালিয়াতি, ক্রেডিট কার্ড জালিয়াতি, ইন্স্যুরেন্স জালিয়াতি, ফরেনসিক তদন্ত,

▶ আলোকিত দক্ষিণ

বিশেষ প্রতিবেদন

স্মৃতির অ্যালবাম থেকে

বিবিধ

- ⊗ আরো যা আছে
- ⊗ সকল ফিচার পাতা
- ⊗ পুরনো সংখ্যা
- ⊗ আমাদের কথা
- ⊗ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন
১৩০৬৩০
জন পাঠক



বিজ্ঞাপনের
জন্য যোগাযোগ করুন

সংঘবদ্ধ অপরাধের তদন্ত, গুরুতর যেকোনো অপরাধের তদন্ত, অভিবাসীবিষয়ক তদন্ত, পরিচয় গোপন, করপোরেট নিরাপত্তা এবং বিভিন্ন ধরনের ছমকির ঘটনা তদন্তে তাঁরা এটা ব্যবহার করতে পারবেন।
ফাতিহা ইয়াসমিন জানান, বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা যেমন ইন্টারপোল, ইউরোপোল এবং যুগোস্লাভিয়া-ভিত্তিক আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-সবাই নিজেদের কর্মকর্তাদের মধ্যে এ রকম বিশ্লেষক রেখেছেন।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Copyright 2005, All rights reserved by **Prothom-Alo.com**
[Privacy Policy](#) | [Terms & Conditions](#)

